

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩২

আগরতলা, ১৬ জুন, ২০২৪

ছাত্রছাত্রীদের সমাজ ও দেশের উন্নয়নে নিজেদের
চিন্তাধারাকে নিয়োজিত করতে হবে : পর্যটনমন্ত্রী

খাদ্য ও পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ মজলিশপুর বিধানসভার ক্ষেত্রে এবাবের বিভিন্ন বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের সংবর্ধনা জানিয়েছেন। এই উপলক্ষে রাণীরবাজারের গীতাঞ্জলি হলে এক অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী বলেন, ছাত্রছাত্রীদের সমাজ ও দেশের উন্নয়নে নিজেদের চিন্তাধারাকে নিয়োজিত করতে হবে। শুধুমাত্র পড়াশুনা করে নিজের গভীর মধ্যে থেকে পরীক্ষায় ভালো নম্বর পেলেই চলবেনা। অনুষ্ঠানে খাদ্য ও পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। অনুষ্ঠানে মজলিশপুর বিধানসভার ক্ষেত্রের প্রায় ৭ শতাধিক ছাত্রছাত্রীদের সংবর্ধনা দেওয়া হয়।

অনুষ্ঠানে খাদ্য ও পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী আরও বলেন ছাত্রছাত্রীদের যেমন নিজেদেরকে নেশা থেকে দুরে থাকতে হবে তেমনি অন্যদেরও নেশা গ্রহণ করা থেকে বিরত থাকতে উৎসাহ দিতে হবে। তিনি ছাত্রছাত্রীদের চরিত্রবান হওয়ার পাশাপাশি একজন দায়িত্ববান নাগরিক হিসেবেও নিজেদেরকে গড়ে তোলার জন্য আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গের বিধায়ক বিবেকানন্দ বাটড়ি, রাণীরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুল্ক দাস ও ভাইস চেয়ারম্যান প্রবীর কুমার দাস, জিরানীয়া নগর পঞ্জায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস, স্কুল অব সায়েন্স এর অধ্যক্ষ অভিজিৎ ভট্টাচার্য প্রমুখ।
